



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১



সংশোধিত

ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০২২

তারিখঃ ২৪.০২.২০২২

বিষয়: শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে।

শস্য/ফসল ঋণ বিতরণ ও আদায় প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে গত ২২.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭৭তম সভার অনুমোদনক্রমে ঋণ ও অগ্রিম বিভাগ-০১ থেকে “শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ” বিষয়ে ২৪.০৫.২০১৮ তারিখে ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০১৮ জারী করা হয়। উল্লিখিত সার্কুলার জারীর মাধ্যমে একই দিনে শস্য/ফসল ঋণের টাকা আদায় এবং মঞ্জুর ও বিতরণ করার ফলে কৃষকগণ ভুল ধারণা পোষণ করে ঋণ পরিশোধে বিশেষ করে আংশিকভাবে ঋণ পরিশোধে আগ্রহ হারিয়ে ফেলছেন। এতদপ্রেক্ষিতে, ঋণ আদায় প্রক্রিয়া ব্যহত হচ্ছে। সর্বোপরি ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং ব্যাংকের তারল্য প্রবাহে নেতিবাচক প্রভাব পড়ছে। ব্যাংকের তারল্য প্রবাহ অক্ষুন্ন রাখার স্বার্থে ঋওঅবি-১ সার্কুলার নং-০২/১০১৮ তারিখ: ২৪.০৫.২০১৮ এর মাধ্যমে জারীকৃত নীতিমালা সংশোধনীর প্রয়োজন দেখা দেয়।

০২। এমতাবস্থায়, ০৮.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৪৪তম সভায় বিস্তারিত আলোচনান্তে “শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ” বিষয়ক ২৪.০৫.২০১৮ তারিখে জারীকৃত সার্কুলার নং-০২/১০১৮ সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। প্রচলিত ও আবর্তনশীল শস্য/ফসল ঋণের ক্ষেত্রে কোন সহায়ক জামানত আবশ্যিক না হলেও জমির মালিকানা স্বত্বের সমর্থনে শাখাসমূহ প্রয়োজনীয় দলিল-দস্তাবেজ ও খাজনার দাখিলা যাচাই করে থাকে। এ প্রক্রিয়ায় কোন কৃষককে খাজনার দাখিলা সংগ্রহের জন্য একাধিক ভূমি অফিসে একাধিকবার যাতায়াত করতে হয়। এতদপ্রেক্ষিতে সময় ক্ষেপণের পাশাপাশি আর্থিক সংশ্লেষ থাকায় কৃষকগণ ব্যাংক থেকে ঋণ সুবিধা গ্রহণে অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন। শস্য/ফসল ঋণ সহজীকরণ করা হলে কৃষকদের অতি দ্রুত ঋণ সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে এবং কৃষকগণ আর্থিকভাবে উপকৃত হবেন।

০৪। এলক্ষ্যে শস্য/ফসলী ঋণ মঞ্জুর ও বিতরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে:

- (ক) কোন ঋণগ্রহীতা কৃষক শস্য/ফসল ঋণের টাকা সুদাসলে সম্পূর্ণ পরিশোধ করলে ন্যূনতমপক্ষে পরবর্তী কর্মদিবসে ঋণ মঞ্জুর ও বিতরণ করা যাবে;
- (খ) শস্য ঋণ পরিশোধকারী ঋণগ্রহীতাদের ক্ষেত্রে কেস-টু-কেস মেরিট বিবেচনায় ঋণ বৃদ্ধি করা যাবে। এক্ষেত্রে পূর্বের মূল ঋণের ১০০% এর বেশী ঋণ বৃদ্ধির প্রয়োজন হলে মঞ্জুরকারী কর্তৃপক্ষের এক ধাপ উপরের কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- (গ) জমির মালিকানা স্বত্ব নিশ্চিত হয়ে ঋণ বিতরণ করতে হবে;
- (ঘ) ঋণ ম্যানুয়েলে বর্ণিত শস্য/ফসল ঋণ বিতরণের অন্যান্য প্রচলিত নিয়মাবলী/শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
- (ঙ) এ প্রক্রিয়ায় শস্য/ফসল ঋণ বিতরণ পদ্ধতি শাখা ব্যবস্থাপক নিবিড়ভাবে সার্বিক তত্ত্বাবধান করবেন।

(চলমান পাতা-০২)

ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০২২

তারিখঃ ২৪.০২.২০২২

বিষয়: শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে। একইসাথে গত ২৪.০৫.২০১৮ তারিখে জারীকৃত এতদসংক্রান্ত ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০১৮ বাতিল মর্মে বিবেচিত হবে।

০৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-


২৪.০২.২০২২

(শওকত শহীদুল ইসলাম)


উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋওঅবি-১/৪৪(ব্যবসায়িক ক্ষমতা)/২০২১-২০২২/৯০৯(৪৫৭)

তারিখঃ ২৪.০২.২০২২

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী কে সার্কুলারটি রাকাব ওয়েব পেজ এ আপলোড এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। অধ্যক্ষ রাকাব, প্রশিক্ষণ ইনিষ্টিটিউট, রাজশাহী।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি ইন্নয়ন ব্যাংক।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি ইন্নয়ন ব্যাংক।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১৪। অফিস নথি/মহানথি।



২৪.০২.২০২২

(রুমানা আফরোজ)

মুখ্য কর্মকর্তা